

Model Activity Task 2022 February

Class 6 | Geography | Part-2

মডেল অ্যাক্টিভিটি টাস্ক-২০২২ | ফেব্রুয়ারী

ষষ্ঠ শ্রেণী | ভূগোল | পার্ট -২ |

পূর্ণমান -২০

১ বিকল্পগুলি থেকে ঠিক উত্তরটি নির্বাচন কর।

১.১ যে গ্রিক পন্ডিত প্রথম পৃথিবীর গোলাকৃতির কথা বলেন তিনি হলেন-

(ক) প্লেটো (খ) অ্যারিস্টটল (গ) এরাটোস্টেনিস (ঘ) ম্যাগেলান

১.২ $23\ 1/2^\circ$ উঃ অক্ষরেখা যে নামে পরিচিত তা হল-

(ক) কর্কটক্রান্তি রেখা (খ) মকরক্রান্তি রেখা (গ) সুমেরু বৃত্ত রেখা (ঘ) নিরক্ষরেখা

১.৩ পৃথিবীর অক্ষ তার কক্ষতলের সঙ্গে যত ডিগ্রী কোণে হলে থাকে তার মান হল-

(ক) 0° (খ) 90° (গ) $23\ 1/2^\circ$ (ঘ) $66\ 1/2^\circ$

২.১ বাক্যটি সত্য হলে ঠিক ও অসত্য হলে ভুল লেখো

২.১.১ চন্দ্রগ্রহণের সময় চাঁদের উপর পৃথিবীর ছায়া বৃত্তাকৃতি হয় না। **ভুল**

২.১.২ পৃথিবী তার নিজের অক্ষের চারিদিকে পূর্ব থেকে পশ্চিমে আবর্তন করে। **ভুল**

২.২ একটি বা দুটি শব্দে উত্তর দাও:

২.২.১ পৃথিবীর আকৃতি কেমন হল সবজায়গায় একি সময় সুর্যোদয় হত?

উঃ পৃথিবী যেকোনো সমতল ক্ষেত্র হলে সবজায়গায় একি সময় সুর্যোদয় হত।

২.২.২ পৃথিবীর কোথায় দাড়ালে তোমার সবদিকই দক্ষিণ দিক হবে?

উঃ পৃথিবীর উত্তর মেরুতে দাড়ালে আমার সবদিকই দক্ষিণ দিক হবে

২.২.৩ গ্রীণিচ মানমন্দিরের উপর দিয়ে বিস্তৃত দ্রাঘিমা রেখার নাম লেখো।

উঃ মূল মধ্য রেখা।

৩ নীচের প্রশ্নগুলির সংক্ষিপ্ত উত্তর দাও

৩.১ পৃথিবীর সর্বোচ্চ ও সর্বোনিম্ন স্থান দুটির নাম লেখো

উঃ পৃথিবীর সর্বোচ্চ স্থান হল মাউন্ট এভারেস্ট ও সর্বোনিম্ন স্থান ও প্রশান্ত মহাসাগরের মারিয়ানা খাত।


৩.২ নিরক্ষরেখার দুটি প্রয়োজনীয়তা উল্লেখ কর।

উঃ (ক) নিরক্ষরেখার সাহায্যে পৃথিবীকে উত্তর ও দক্ষিণ গোলার্ধে ভাগ করা হয়।

(খ) নিরক্ষরেখার মান 0° ধরে পৃথিবীর অন্যান্য গুরুত্বপূর্ণ অক্ষরেখা অঙ্কণ করা হয়েছে।

৪ নীচের প্রশ্নটির উত্তর দাও

একটি বৃত্ত অঙ্কণ করে তিনটি গুরুত্বপূর্ণ অক্ষরেখা চিহ্নিত কর।



৫ নীচের প্রশ্নটির উত্তর দাও

‘পৃথিবীর আকৃতি পৃথিবীর মতো’ উক্তিটির যথার্থতা ব্যাখ্যা কর।

উঃ নিজের অক্ষের চারিদিকে ঘোরার ফলে পৃথিবীর আকৃতি গোলাকার। কিন্তু পৃথিবী মেরুর দিকে একটু চাপা আবার নিরক্ষরেখার দিকে স্ফীত। অনেকটা কমলালেবু বা ন্যাসপাতির মতো। কিন্তু পৃথিবীর বুকে রয়েছে বিশালাকার পর্বতচূড়া আবার গভীর সমুদ্র খাত। তাই পৃথিবীর উপরিভাগ পুরো এবড়োখেবড়ো। তাই পৃথিবীকে আসলে কারোর আকৃতির সাথেই তুলনা করা যায় না। এই কারণেই বলা হয় পৃথিবীর আকৃতি জিয়ড বা ‘পৃথিবীর আকৃতি পৃথিবীর মতো’।